

যুগান্তর

প্রিন্ট: ০২ সেপ্টেম্বর ২০২৫, ১০:০৭ এএম

শিক্ষাজ্ঞন

রাকসু নির্বাচনে মনোনয়নপত্র বিতরণের সময় বাড়ল, জমা পড়েছে ৩১৮



রাবি প্রতিনিধি

প্রকাশ: ০১ সেপ্টেম্বর ২০২৫, ০৯:৩৪ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু), হল সংসদ ও সিনেট ছাত্র প্রতিনিধি নির্বাচনের মনোনয়নপত্র বিতরণের সময়সীমা আরও দুই দিন বাড়ানো হয়েছে।

রোববার মনোনয়নপত্র বিতরণের শেষদিনে রাকসুর কোষাধ্যক্ষের কার্যালয়ে দিনভর বিক্ষেপ-উত্তেজনার পরিপ্রেক্ষিতে এ সময় বৃদ্ধি করা হয়েছে।

সোমবার (১ সেপ্টেম্বর) দুপুর সোয়া ১টার দিকে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের সামনে সাংবাদিকদের এ কথা জানান ভারপ্রাপ্ত প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক মোস্তফা কামাল আকন্দ।

নির্বাচন কমিশনার অধ্যাপক মোস্তফা কামাল আকন্দ বলেন, প্রথম বর্ষের ভোটাধিকারের বিষয়ে এখনো নীতিগত সিদ্ধান্ত হয়নি। তাদের ভোটাধিকার দেওয়া হবে কিনা তা জানতে কাল পর্যন্ত অপেক্ষা করতে হবে। গতকাল মনোনয়ন বিতরণের শেষদিনে বিক্ষেপভরে কারণে অনেকেই ব্যাংকে টাকা জমা দিয়ে মনোনয়ন নিতে পারেনি। তাই সোমবার ও মঙ্গলবার পর্যন্ত মনোনয়ন বিতরণ করা হবে।

বিশ্ববিদ্যালয় সুত্রে জানা যায়, রাকসু নিয়ে উত্তৃত পরিস্থিতিতে সোমবার দুপুরে নির্বাচন কমিশনের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের মতবিনিময় সভা হয়। সভায় প্রথম বর্ষের ভোটাধিকার দেওয়া হবে কিনা সেই বিষয়ে আলোচনা করা হয়েছে। এ ব্যাপারে প্রশাসনের সিদ্ধান্ত জানাতে আগামীকাল পর্যন্ত সময় নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

রাকসু ও সিনেট নির্বাচনে মনোনয়নপত্র বিতরণ ৩৮৭টি

সর্বশেষ সংশোধিত তফসিল অনুযায়ী রোববার মনোনয়নপত্র বিতরণের শেষদিন ছিল। তবে প্রথম বর্ষের ভোটাধিকারের দাবিতে রোববার সকাল থেকে রাকসুর কার্যালয়ে অবস্থান করে ছাত্রদল। পরে একপর্যায়ে তারা একটি চেয়ার ভাঙ্চুর ও ফটকে তালা ঝুলিয়ে আন্দোলন শুরু করেন।

এর প্রতিবাদ জানিয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও ছাত্রশিবিরের নেতাকর্মীরাও বিক্ষেপ শুরু করেন। এতে চার ঘণ্টা মনোনয়নপত্র বিতরণ কার্যক্রম বন্ধ থাকে। পরে পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হলে দুপুর ২টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত মনোনয়ন বিতরণ কার্যক্রম চলে।

নির্বাচন কমিশন সুত্রে জানা যায়, রোববার পর্যন্ত রাকসু ও সিনেট নির্বাচনে মোট ৩৮৭টি মনোনয়নপত্র বিতরণ করা হয়েছে। এর মধ্যে রাকসুর ২৩টি পদের বিপরীতে ৩১৮ জন প্রার্থী মনোনয়নপত্র উত্তোলন করেছেন। এছাড়া সিনেট ছাত্র প্রতিনিধি নির্বাচনের ৫টি পদে ৬৯ টি মনোনয়নপত্র বিতরণ করা হয়েছে।

রাকসুর সহ-সভাপতি (ভিপি) পদে ১৩ জন, সাধারণ সম্পাদক (জিএস) পদে ৬ জন এবং সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদে ৮ জন নাম ও পদ উল্লেখ করে মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। এছাড়া ছাত্রদল, ছাত্রশিবির ও বাম ছাত্রসংগঠনগুলোর মোচা গণতান্ত্রিক ছাত্র, জোট ছাত্র অধিকার পরিষদসহ বেশ কয়েকটি প্যানেল নাম ও পদ উল্লেখ না করে মনোনয়নপত্র উত্তোলন করেছে।